# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

## Ease of Doing Business সংক্রান্ত তথ্যাদি

পুঁজিবাজার উন্নয়নে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিভিন্ন সংস্কারমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। তন্মধ্যে Ease of Doing Business সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

০১। ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে ০৩ জুন ২০১৮ তারিখে নতুন কপোরেট গভর্ন্যান্স কোড প্রণয়ন করা হয়েছে।

০২। IAS 24 – এ Related Party Transactions (RPTs) এর সংজ্ঞা দেয়া আছে।

০৩। Securities and Exchange Rules, 1987 অনুযায়ী IAS 24 পরিপালন করা হচ্ছে।

০৪। Securities and Exchange Rules, 1987 অনুযায়ী কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুতির ক্ষেত্রে International Accounting Standard (IAS) পরিপালন করা হয়।

০৫। ইস্যুয়ার কোম্পানী শেয়ারহোল্ডারদের অনুমোদন ব্যতিরেকে ১% বা তার বেশী tangible asset নিম্নোক্তদের সঙ্গে ক্রয় বা বিক্রয় করিতে পারবে না-

(ক) ইস্যুয়ার কোম্পানীর পরিচালক;

(খ) কোন ফার্ম যার কোন পরিচালক ইস্যুয়ার কোম্পানী পার্টনার;

(গ) কোন প্রাইভেট কোম্পানী যার কোন পরিচালক ইস্যুয়ার কোম্পানীর পরিচালক বা সদস্য;

(ঘ) কোন পাবলিক কোম্পানী, পরিচালনা প্রতিনিধি, ব্যবস্থাপক বা পরিচালক- যারা ইস্যুয়ার কোম্পানীর নির্দেশনা অনুযায়ী কাজ করে।

০৬। লভ্যাংশ ঘোষিত বা অনুমোদিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ইস্যুয়ার কোম্পানী শেয়ারহোল্ডারদের নিকট প্রেরণ করছে।

০৭। ইস্যুয়ার কোম্পানী শেয়ারহোল্ডারদেরকে লভ্যাংশ প্রদানের পর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে প্রতিবেদন দাখিল করছে।

০৮। কোন ইস্যুয়ার কোম্পানীর পরিচালক কোম্পানীর পরিশোধিত মূলধনের ২% শেয়ার ধারণ করতে ব্যর্থ হওয়ার কারণে তিনি পরিচালক পদে থাকিবেন না এবং এর ফলে কোম্পানীর পরিচালনা পর্ষদে সাময়িক শুন্যতা (Casual Vacancy) সৃষ্টি হবে। উক্ত শুন্যতা (vacancy) সৃষ্টি হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে, কমপক্ষে ২% শেয়ার ধারণ করেন এমন শেয়ারহোল্ডারের মধ্য হতে এ শুন্যতা পূরণ করতে হবে।

০৯। কোন ইস্যুয়ার কোম্পানী কর্তৃক Repeat Public Offer এর মাধ্যমে নতুন শেয়ার ইস্যু করতে হলে শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন হয়।

১০। কোন ইস্যুয়ার কোম্পানী কর্তৃক Rights Share Offer করতে হলে শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন হয়।

১১। পুঁজিবাজার উন্নয়নে গৃহীত ব্যবস্থাদি নিয়মিতভাবে বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচার করা হচ্ছে।